

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫২৯

পর্ব-১১: হজ (এшыл) باتك)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

مَرْفُوع وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَمِعَ رَجُلًا يَقُولُ لَبَيْكَ عَنْ شُبْرُمَةَ قَالَ: «مَنْ شُبْرُمَةُ» قَالَ: أَخٌ لِي أَقْ قَرِيبٌ لِي قَالَ: «أَحَجَجْتَ عَنْ نَفْسِكَ؟» قَالَ: لا قَالَ: «حُجَّ عَنْ نَفْسِكَ ثُمَّ حُجَّ عَنْ شُبْرُمَةَ» . رَوَاهُ الشَّافِعِيُّ وَأَبُو دَاؤُد وابنُ مَاجَه

বাংলা

২৫২৯-[২৫] 'আব্দুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে বলতে শুনলেন, আমি শুব্রমমাহ্'র পক্ষ হতে (হজ্জ/হজ পালনের উদ্দেশে) উপস্থিত হয়েছি। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, শুব্রমমাহ্ কে? সে বললো, আমার ভাই অথবা বললো, আমার নিকটাত্মীয়। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জিজ্ঞেস করলেন, তুমি নিজের হজ্জ/হজ করেছো কি? সে বললো, জি না। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তবে (প্রথমে) নিজের হজ্জ/হজ করো। পরে শুবরুমাহ্'র পক্ষ হতে হজ্জ/হজ করবে। (শাফি'ঈ, আবু দাউদ ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ১৮১১, ইবনু মাজাহ ২৯০৩, সহীহ ইবনু খুযায়মাহ্ ৩০৩৯, মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১২৪১৯, সহীহ ইবনু হিব্বান ৩৯৮৮, ইরওয়া ৯৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (حُجَّ عَنْ نَفْسِكَ ثُمَّ حُجَّ عَنْ شُبْرُمَة) "আগে তোমার নিজের হজ্জ/হজ করো এরপর শুবরুমার পক্ষ থেকে হজ্জ/হজ করো"। দারাকুত্বনী, ইবনু হিব্বান এবং ইবনু মাজাহতে আছে, (فاجعل هذه عن نفسك) "এটি তোমার



নিজের পক্ষ থেকে আদায় করো, এরপর শুব্রুমার পক্ষ থেকে হজ্জ/হজ করো"। সিন্দী বলেনঃ অত্র হাদীস থেকে জানা গেল যে, যিনি নিজে হজ্জ/হজ করেননি তিনি যদি অন্যের পক্ষ থেকে হজের ইহরাম বাঁধেন তাহলে তা অব্যাহত রাখা জরুরী নয় বরং সে ইহরামকে নিজের হজ্জের জন্য পরিবর্তন করা ওয়াজিব।

এ হাদীস থেকে স্পষ্ট প্রমাণ পাওয়া যায় যে, যিনি নিজের হজ্জ/হজ সম্পাদন করেননি তার জন্য অন্যের পক্ষ থেকে হজ্জ/হজ করা জায়িয নয়। তিনি নিজের হজ্জ/হজ পালন করতে সক্ষম হোন অথবা না হোন।

ইমাম শাফি'ঈর অভমত এটাই। ইমাম আওযা'ঈ এবং ইসহাক এ মতের প্রবক্তা। ইমাম আহমাদ থেকেও এ মতের পক্ষে একটি বর্ণনা রয়েছে।

পক্ষান্তরে ইমাম মালিক ও আবূ হানীফার মতে নিজের হজ্জ/হজ না করেও অন্যের পক্ষ থেকে হজ্জ/হজ করা বৈধ। হাসান বাসরী, 'আত্বা ও সাওরী- এ মতের প্রবক্তা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন